ISO 9001:2015
Certified

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১
# Comilla Palli Bidyut Samity-1

সদর দপ্তর
চান্দিনা, কুমিল্লা
ফোনঃ ০৮০২২ ৫৬১৩১
০৮০২২ ৫৬১৪৩
E-mail: comillapbs01@gmail.com
Web: pbs1.comilla.gov.bd

স্মারক নং- ২৭.১২.১৯২৭.৫০৩.০২.০০৮.২৪. ৪৭৬১

তারিখঃ ১২ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

## "আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১, চান্দিনা, কুমিল্লা এর নিম্নবর্ণিত শূণ্য পদে পদোন্নতির মাধ্যমে লোকবল নিয়োগের নিমিত্ত সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-০৮ এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচরী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিতঃ ২০১২) অনুযায়ী পদোন্নতির জন্য যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত লাইনম্যান গ্রেড-১ গনের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে (A 4 সাইজের কাগজে) স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রঃ নং | পদের নাম ও পদসংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান ০৯ (নয়) টি কম/বেশি হতে পারে | পবিস নির্দেশিকা ৩০০-১৩, ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি ও অন্যান্য সুবিধা প্রদান করা হবে | ক) এস.এস.সি বা সমমানের (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) এবং লাইনম্যান গ্রেড-১ পদে নিয়মিত হিসেবে নূন্যতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। মোট চাকুরীকাল নূন্যতম ১০ বছর হতে হবে;<br>খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে;<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রয়োজনীয় লাইনম্যান ট্রেনিং এ উত্তীর্ণ হতে হবে;<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট প্রস্তুত, বাপবিবোর্ডের নির্মাণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণসহ জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষন ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে;<br>ঙ) প্রার্থীকে অবশ্যই পোলে উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ থাকতে হবে;<br>চ) অধীনস্থ লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে;<br>ছ) পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ অনুযায়ী বর্ণিত শর্তসমূহ পূরণ হতে হবে;<br>জ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুযায়ী লাইনম্যান গ্রেড-১ পদে সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়ন এর গড় রেটিং নুন্যতম ৩.৫০ থাকতে হবে।<br>ঝ) মোটর সাইকেল চালনায় হালনাগাদকৃত বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে; |

**আবেদন করার পদ্ধতিঃ**

বর্ণিত পদে নিয়োগ লাভে আগ্রহী এবং সংশ্লিষ্ট নির্দেশিকার আলোকে যোগ্যাতা সম্পন্ন প্রার্থীকে খামের উপরে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে স্ব-হস্তে বাংলায় (ক) নিজের নাম (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ ও (ঠ) চাকুরীতে নিয়মিতকরণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন করতে হবে। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য হবে না। তবে অত্র সমিতির ভৌগলিক এলাকার (অর্থাৎ চান্দিনা, বরুড়া, দেবিদ্বার ও মুরাদনগর উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করা প্রয়োজন নেই।

**আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত রঙ্গিন ছবি, সর্বশেষ ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের সত্যায়িত ফটোকপি, পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে উত্তীর্ণের ফলাফলের সত্যায়িত কপি, বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ সংক্রান্ত পত্রের ফটোকপি (সকল ফটোকপি বর্তমানে কর্মরত পবিসের এজিএম এইচআর/প্রশাসন কর্তৃক সত্যায়িত হতে হবে), সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ সিটি মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের কপি সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত বিগত ০৫(পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থার বিবরণ (যদি থাকে) এবং বর্তমানে কোন তদন্ত প্রক্রিয়াধীন/ ফৌজদারী মামলা চলমান আছে কি-না তা উল্লেখ পূর্বক বিনা আপত্তির সনদ ও পদোন্নতির সুস্পষ্ট সুপারিশ সম্বলিত আবেদনপত্র সহ লাইন টেকনিশিয়ান পদের প্রার্থীগণ-কে আগামী **১৫/১২/২০২৪** খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চান্দিনা, কুমিল্লায় স্ব-শরীরে উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

শর্তাবলীঃ

০১। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-২৪ মোতাবেক যে সকল প্রার্থী নিম্নবর্ণিত ভাবে (ক থেকে জ পর্যন্ত) দন্ড প্রাপ্ত হয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছরের মধ্যে কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(খ) সর্বশেষ ০১ (এক) বছরের মধ্যে কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন।
(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন।
(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবে না।
(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি পদোন্নতির জন্য বিবেচিত হবেন না।

০২। অত্র পবিসে কর্মরত কর্মকর্তা/ কর্মচারী কিংবা সমিতি বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক বৃন্দের স্বামী/ স্ত্রী এবং তাদের রক্ত সম্পর্কীয় এমন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নেই।
০৩। বর্ণিত পদের বিপরীতে যে ঠিকানায় নিয়োগপ্রাপ্ত হয়েছেন, উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে পূর্বের ঠিকানাই স্থায়ী ঠিকানা হিসেবে গণ্য হবে।
০৪। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "চলতি দায়িত্বে" নিয়োগ দেয়া হবে। চলতি দায়িত্ব থাকাকালীন কাজের সন্তোষজনক এবং সংশোধিত পবিস নির্দেশিকা এবং কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্মচারী চাকুরি বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২ ) অনুযায়ী প্রয়োজনীয় শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে চাকুরি নিয়মিত করা হবে। অন্যথায় চলতি দায়িত্বের মেয়াদ বৃদ্ধি/ পূর্বতন পদে প্রত্যাবর্তন অথবা পবিস নির্দেশিকা/ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কর্মচারী চাকুরি বিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) অনুযায়ী যা প্রযোজ্য সে সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকতে হবে।
০৫। চলতি দায়িত্বে থাকাকালীন সর্বশেষ এলপিসি মোতাবেক বেতন ভাতাদি প্রদান করা হবে।
০৬। তথ্য গোপন করে যদি কেউ নিয়োগ প্রাপ্ত হন, তবে তাকে কোনরূপ তদন্ত ব্যতিরেকে চাকুরিচ্যুত করা হবে এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
০৭। বর্ণিত পদে প্রার্থীকে পদোন্নতি/ নিয়োগ প্রদান করা হলে তিনি তা বাতিলের জন্য আবেদন করতে পারবেন না।
০৮। নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
০৯। যে কোন আবেদন পত্র এবং নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা অত্র পবিসের কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত এবং নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।
১০। শর্তাবলীতে উল্লেখ নেই এমন যে কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হলে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে বিবেচিত হবে।

২৭/১১/১৮

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ
০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল)/ পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধসহ)
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার, ........................ পবিস-১/২/৩/৪।
০৫। ডিজিএম (সদর দপ্তর-কারিগরী)/কোম্পানীগঞ্জ/বরুড়া/দেবিদ্বার/বাঞ্ছারা জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
০৬। এজিএম (ওএন্ডএম), নবাবপুর/পয়ালগাছা /রামমোহন/কুটুম্বপুর সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-১।
০৭। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/সদস্য সেবা/আইটি)), কুমিল্লা পবিস-১।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-১।
০৯। অফিস কপি/ মাস্টার কপি।

২৭/১১/১৮

(মোহাম্মদ আবু রায়হান)
জেনারেল ম্যানেজার